গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস ও এপিএ শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থবছরের দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত নৈতিকতা কমিটির সভা'র কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |
| তারিখ | : | ২৬ অক্টোবর ২০২২। |
| সময় | : | দুপুর ২.০০ ঘটিকা। |
| স্থান | : | সভাকক্ষ, (অনলাইন জুম এ্যাপস), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |

সভাপতি উপস্থিত এবং জুম অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অর্থবছরের বাস্তবায়নে সকলের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন যে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর দ্বিতীয় প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও শুদ্ধাচার কৌশল সংশ্লিষ্ট বিবিধ বিষয় সম্পর্কে আলোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ এর নির্দেশনা অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে প্রতি প্রান্তিকের প্রথম মাসে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। সে আলোকে চলতি প্রান্তিকের (অক্টোবর-ডিসেম্বর, ২০২২) প্রথম মাসে এ সভা অনুষ্ঠিত হচ্ছে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বিকল্প শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুহাম্মদ কামরুল হাসান, উপসচিব (এনআইএস ও এপিএ) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ সভার প্রারম্ভে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের উল্লেখিত বিআরটিসি বাস ডিপোতে গণশুনানী আয়োজনের বিষয়টি আলোচনা করা হয়। এই প্রসঙ্গে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, গণশুনানী অন্যান্য বছরের ন্যায় এবছরও এ বিভাগ ও বিআরটিসি যৌথভাবে আয়োজন করবে। বিআরটিসিকে এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি অনুরোধ করেন।

২.১ সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া ডিজিটাল প্লাটফরম ব্যবহারের মাধ্যমে প্রধান কার্যালয় হতে মাঠ পর্যায়ের গুরুত্বপূর্ণ চলমান কাজ মনিটরিং কার্যক্রম সম্পর্কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, টোল কালেকশন বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। এছাড়া তিনি বলেন, একটি কার্ড দিয়ে সকল টোল পরিশোধের উদ্যোগ গ্রহণ করতে হবে। যদিও বিষয়টি দীর্ঘমেয়াদী কিন্তু বাস্তবায়নযোগ্য। পাশাপাশি সড়কের অবস্থা পর্যবেক্ষণের জন্য নিজস্ব ড্রোন সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে।

২.২ বিআরটিএ'র NIS কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রমের বাস্তবায়ন প্রসঙ্গে ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, ড্রাইভিং লাইসেন্স গ্রহণের ক্ষেত্রে যে কোন ব্যক্তিকে তিন-চারবার বিআরটিএ অফিসে যেতে হয়। এতে সময় ও ব্যয় বৃদ্ধির পাশাপাশি লাইসেন্স গ্রহণের ক্ষেত্রে অনৈতিক সুযোগ গ্রহণের প্রবণতার সম্ভাবনা দেখা যায়। তাই জন ভোগান্তি লাঘব এবং এই বিভাগের বহুল আলোচিত সেবাটিকে সর্বোচ্চ সহজীকরণের নিমিত্ত ড্রাইভিং লাইসেন্স প্রদানের ক্ষেত্রে One Stop Service প্রদান এর বিষয়ে সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি একজন লাইসেন্স আবেদনকারীকে যাতে মাত্র একবার বিআরটিএ অফিসে যেতে হয় সে বিষয়ে উদ্যোগ গ্রহণসহ ড্রাইভিং লাইসেন্স প্রদান পদ্ধতি আরো সহজ করার উপর গুরুত্বারোপ করেন।

২.৩ বিআরটিসি'র NIS কর্মপরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে চেয়ারম্যান বিআরটিসি সভাকে অবহিত করেন যে বিআরটিসি গাড়ীর অনিয়ম/সমস্যা নিরূপনে ভিজিলেন্স টীমের সমন্বয়ে পরিবীক্ষণ কার্যক্রম চলমান আছে। এছাড়া এই লক্ষ্য অর্জনে প্রাথমিকভাবে ৫০টি আন্তঃজেলা বাসে সিসি ক্যামেরা স্থাপন করা হবে। সভাপতি এ প্রসঙ্গে সিসি ক্যামেরা স্থাপনের পাশাপাশি যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত ও যাত্রী হয়রানী বন্ধের জন্য বাসের ড্রাইভারের আসনের পিছনে এবং মহিলা যাত্রীর আসনের সামনে ৯৯৯ এর স্টিকার লাগাতে নির্দেশনা প্রদান করেন।

২.৪ ডিটিসিএ'র NIS কর্মপরিকল্পনাভুক্ত বাজেট বাস্তবায়ন সম্পর্কে সভাপতি জানতে চাইলে ডিটিসিএ'র প্রতিনিধি জানান যে উন্নয়ন বাজেটে প্রাপ্ত বরাদ্দ যথাসময়ে ব্যয় হবে। এছাড়া সভাপতি অভিমত ব্যক্ত করেন যে ৩.২ ক্রমিকের "মেট্রোরেলের ভাড়া সম্পর্কিত গণশুনানী" আয়োজন কার্যক্রমের নাম পরিবর্তন করে 'মেট্রোরেলের সুবিধা সম্বলিত গণশুনানী' নির্ধারণ যথোপযুক্ত হবে। অতপর র‍্যাপিড পাস চালুকরণ কার্যক্রমের অগ্রগতির বিষয়ে সভাপতি জানতে চাইলে ডিটিসিএ'র প্রতিনিধি জানান, এ বিষয়ে ঠিকাদার নিয়োগ হয়েছে। এই প্রসঙ্গে সভাপতি মহোদয় নির্ধারিত সময়ের মধ্যে র‍্যাপিড পাস চালু দ্রুত সম্পন্নের নির্দেশনা প্রদান করেন।

২.৫ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন কার্যক্রমে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) এর লক্ষ্যমাত্রায় সেশন উল্লেখ থাকায় উপস্থিত সদস্যবৃন্দ অভিমত ব্যক্ত করেন যে এই ক্ষেত্রে প্রতি সেশনে প্রকৃতপক্ষে কতজন প্রশিক্ষণ নিয়েছে তা উল্লেখ করা প্রয়োজন। ডিএমটিসিএল এর বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

২.৬ ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) এর NIS কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে কোম্পানী সচিব জানান বাস ক্রয়ের BID Document প্রস্তাব অনুমোদনের জন্য দাতা সংস্থা Agence Francaise de Development (AFD)-তে প্রেরণ করা হয়েছে। আশা করা যায় আগামী মে/জুন, ২০২৩ সময়ে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন হবে। সভাপতি জানান যে ঢাকা বিআরটি প্রতিটি কাজ একটির সাথে অন্যটি সম্পর্ক যুক্ত। তাই সকল কাজের অগ্রগতি সমান্তরালে হওয়া বাঞ্ছনীয়। এক্ষেত্রে আগামী মার্চ/এপ্রিল, ২০২৩ এর মধ্যে বাস ক্রয় সম্পন্নের উপর তিনি গুরুত্বারোপ করেন। এছাড়া ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) এর সার্বিক অগ্রগতি নিয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন।

৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | বিআরটিসি বাস ডিপোতে দ্বিতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে বিআরটিসি এর সাথে যৌথভাবে গণশুনানী আয়োজন করতে হবে। | NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/বিআরটিসি |
| (২) | ড্রাইভিং লাইসেন্স প্রদানের লক্ষ্যে জনভোগান্তি লাঘব এবং এই বিভাগের বহুল আলোচিত সেবাটিকে সর্বোচ্চ সহজীকরণের নিমিত্ত লাইসেন্স প্রদানের ক্ষেত্রে One Stop Service প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রতি নৈতিকতা কমিটির সভায় বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| (৩) | বাসের ড্রাইভারের আসনের পিছনে এবং মহিলা যাত্রীর আসনের সামনে ৯৯৯ এর স্টিকার লাগানোর ব্যবস্থা করতে হবে। দূরপাল্লার আন্তঃজেলা বাসে সিসি ক্যামেরা স্থাপনের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| (৪) | বাজেট বাস্তবায়ন নিশ্চিত করার কার্যকরী ও যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। মেট্রোরেলের ভাড়া সম্পর্কিত গণশুনানী আয়োজন কার্যক্রমের নাম পরিবর্তন করে 'মেট্রোরেলের সুবিধা সম্বলিত গণশুনানী' নির্ধারণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে র‍্যাপিড পাস চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| (৫) | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ কার্যক্রমে সেশন এর সাথে প্রশিক্ষণার্থীর সংখ্যা উল্লেখ করতে হবে। বাজেট বাস্তবায়নের জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |
| (৬) | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করে কার্যক্রমের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| (৭) | নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আগামী ৩১/১২/২০২২ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণে নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ, চেয়ারম্যান, বিআরটিএ/বিআরটিসি, নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |

৪.০ সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুসারে বাস্তবায়নাধীন কার্যক্রমগুলো নির্ধারিত সময়ে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। যেসব কার্যক্রমের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন এখানো পিঁছিয়ে আছে সে সকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্যও সুনির্দিষ্ট দিক-নির্দেশনা প্রদান করেন। সকল অর্জনের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ এবং অগ্রগতি প্রতিবেদনের সাথে সেগুলো প্রেরণের উপর সভা বিশেষ গুরুত্বারোপ করেন। এছাড়া সভাপতি শুদ্ধাচারের অংশ হিসাবে বিদ্যুৎ, পানি ও জ্বালানী ব্যবহারে সকলকে মিতব্যয়ী হওয়ার অনুরোধ জানান।

৫.০ অতঃপর আর কোনো বিষয় আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০০১.২২-১৭২

তারিখ : ২২ কার্তিক ১৪২৯ / ০৭ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা
০৫। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
০৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১। একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি/মাস্টার কপি।

অনুলিপি (কার্যার্থে):

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)

৭।১১।২২

(মুহাম্মদ কামরুল হাসান)
উপসচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮
E-mail: dsaudit@rthd.gov.bd